আমি ইব্নু ‘উমার রাদিয়াল্লাহু ‘আনহু-কে দেখেছি যে, তিনি আসলেন এমন এক ব্যক্তির নিকট, যে তার উটকে নহর করার জন্য বসিয়ে রেখেছিল। ইব্নু ‘উমার রাদিয়াল্লাহু ‘আনহু বললেন, মুহাম্মদ রাসূলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লামের সুন্নাতের ন্যায় সেটি উঠিয়ে দাঁড়ানো অবস্থায় বেঁধে নাও।

যিয়াদ ইব্নু জুবাইর হতে বর্ণিত। তিনি বলেন, আমি ইব্নু ‘উমার রাদিয়াল্লাহু ‘আনহু-কে দেখেছি যে, তিনি আসলেন এমন এক ব্যক্তির নিকট, যে তার উটকে নহর করার জন্য বসিয়ে
রেখেছিল। ইব্নু ‘উমার রাদিয়াল্লাহু ‘আনহু বললেন, মুহাম্মদ রাসূলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লামের সুন্নাতের ন্যায় সেটি উঠিয়ে দাঁড়ানো অবস্থায় বেঁধে নাও।
[সহীহ] [মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

উট ছাড়া গরু, ছাগল ইত্যাদি জবেহ করার সুন্নাত হলো বাম দিকে শোয়াইয়ে কিবলামুখ করে গলায় জবেহ করা। আর উটের ক্ষেত্রে সুন্নাত হলো বাম হাত বাঁধা দাঁড়ানো অবস্থায় তার চোঁটে নহর করা। কারণ, তার রুহ দ্রুত বের হওয়ার জন্য এতেই তার আরাম। এ কারণেই যখন আব্দুল্লাহ ইবন উমার রাদিয়াল্লাহু ‘আনহু এমন এ ব্যক্তি নিকট অতিক্রম করেন যে তার নিজের উটকে নহর করার জন্য বসিয়ে রেখেছিল। তিনি তাকে বললেন, সেটি উঠিয়ে দাঁড়ানো অবস্থায় বেঁধে নাও। এটিই মুহাম্মদ রাসূলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম-এর সুন্নাত, যিনি নহর করার ক্ষেত্রে কুরআনেরই পদ্ধতিই গ্রহণ করেছেন। তাতে বলা হয়, “যখন তার একপাশ লুটে পড়ে”। আর লুটে পড়া সাধারণত দাঁড়ানো থেকেই হয়ে থাকে।

https://sunnah.global/hadeeth/bn/show/3464